তারিখ ... 08 MAR 2017
পৃষ্ঠা ... কলাম ...

সমকাল

# ১৬ হাজার কলেজ শিক্ষককে প্রশিক্ষণ দেওয়া হবে

—— ড. হারুন-অর-রশিদ

■ গাজীপুর প্রতিনিধি

বিশ্বব্যাংকের সহায়তায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন কলেজের ১৬ হাজার শিক্ষককে দেশ-বিদেশে প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। এ ছাড়া ১২২টি অনার্স ও মাস্টার্স কলেজের একাডেমিক সক্ষমতা উন্নয়ন করা হবে বলে জানিয়েছেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদ। গত সোমবার সন্ধ্যায় বাংলাদেশের উচ্চশিক্ষার ওপর পদ্ধতিগত জরিপের অংশ হিসেবে বিশ্বব্যাংকের শিক্ষাবিষয়ক বিশেষজ্ঞ কোন গেডেনের সঙ্গে এক মতবিনিময় সভায় উপাচার্য এ কথা বলেন।

কলেজ শিক্ষার মানোন্নয়নে সরকার ও বিশ্বব্যাংকের যৌথ অর্থায়নে 'কলেজ শিক্ষার উন্নয়ন প্রকল্প' শীর্ষক একটি কর্মসূচি সম্প্রতি গ্রহণ করা হয়েছে।